CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2023/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGHCC–301T/358**

**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮
*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

### UNIT—I

১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো এবং ওই সময়ের প্রাচীনতম নিদর্শন কোনটি, লেখো।

২। মধ্যভারতীয় আর্যভাষার সংক্ষিপ্ত ইংরেজি পরিভাষা কী? অশোকের অনুশাসনগুলি ভারতীয় আর্যভাষার কোন্ স্তরের নিদর্শন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। মাগধী প্রাকৃতের পূর্বী ও পশ্চিমা শাখা থেকে কয়টি নব্য-ভারতীয় আর্যভাষার জন্ম হয়েছে? মাগধী প্রাকৃতজাত যে কোনো একটি নব্য-ভারতীয় আর্যভাষার নাম লেখো।

### UNIT—II

৪। বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।

৫। 'কাআ তরুবর পঞ্চবি ডাল'—এটি কোন্ স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষার প্রামাণ্য নিদর্শনটির নাম কী?

৬। অন্ত্য-মধ্য বাংলায় প্রচুর বিদেশি শব্দ ও প্রত্যয় গৃহীত হয়েছিল। এরূপ দুটি বিদেশি ভাষার নাম করো।

### UNIT—III

৭। কোন্ উপভাষায় নামধাতুর বহুল ব্যবহার দেখা যায়? একটি উদাহরণ দাও।

৮। করিয়া > কইর্‌যা > করে—অভিশ্রুতিঘটিত এই পরিবর্তনটি কোন্ উপভাষার অন্যতম বৈশিষ্ট্য?

৯। মানসিক বিশ্বাস ও ধর্মীয় সংস্কারের ফলে ঘটিত শব্দার্থ পরিবর্তনের দুটি উদাহরণ দাও।

### UNIT—IV

১০। বাংলা বাক্যের পদক্রমের মূল সূত্র বা পারম্পর্যটি কী? একটি বাক্য গঠন করে উদাহরণ দাও।

১১। আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।





১২। ঐতিহ্যগত ব্যাকরণে প্রথমে বাক্যকে উদ্দেশ্য ও বিধেয়—এই দুটি অংশে ভাগ করা হয়—একটি বাক্য গঠন করে উদ্দেশ্য ও বিধেয় চিহ্নিত করো।

### UNIT—V

১৩। ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো—চালাকচতুর।

১৪। সমস্ত পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।

১৫। নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে, কোন্ বিভক্তি হয়েছে, লেখো:

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা,
বিপদকে যেন করিতে পারি জয়।

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

### UNIT—I

১৬। উদাহরণসহ প্রচিন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।

১৭। নব্য-ভারতীয় আর্যভাষাগুলির সাধারণ বৈশিষ্ট্যের পরিচয় দাও।

### UNIT—II

১৮। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

১৯। উদাহরণসহ আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি নির্দেশ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—III

২০। উদাহরণসহ বঙ্গালী উপভাষার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

২১। শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার উদাহরণসহ বিস্তারিত আলোচনা করো।

## UNIT—IV

২২। আলঙ্কারিক বিশ্বনাথ কবিরাজ শুদ্ধ ও পূর্ণাঙ্গ বাক্য গঠনের জন্য যে তিনটি শর্তের কথা বলেছেন, উদাহরণসহ সেগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৩। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

## UNIT—V

২৪। তৎপুরুষ সমাস কাকে বলে? যে কোনো চার প্রকার তৎপুরুষ সমাসের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

২৫। অধিকরণ কারক প্রধানত কয় প্রকার? সেগুলি কী কী? প্রত্যেকটির সংজ্ঞা লেখো ও উদাহরণ দাও।

★★★